# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৭২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৭. কোন ব্যক্তি বসে অথবা দাঁড়িয়ে অথবা শুয়ে কাত হয়ে ঘুমালে তাতে পবিত্রতা অর্জন বাধ্যতামূলক হবে কি না সেই সম্পর্কে যা বর্ণিত হয়েছে

بَابٌ فِي مَا رُوِيَ فِيمَنْ نَامَ قَاعِدًا وَقَائِمًا وَمُضْطَجِعًا ، وَمَا يَلْزَمُ مِنَ الطَّهَارَةِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ غَيْلَانَ ، نَا أَبُو هِشَامٍ الرِّفَاعِيُّ ، نَا عَبْدُ السَّلَامِ بْنُ حَرْبٍ ، نَا أَبُو خَالِدٍ الدَّالَانِيُّ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ الرِّيَاحِيِّ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ؛ " أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ نَامَ وَهُوَ سَاجِدٌ حَتَّى غَطَّ أَوْ نَفَخَ ، ثُمَّ قَامَ فَصَلَّى ، فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، إِنَّكَ قَدْ نِمْتَ ؟ فَقَالَ : " إِنَّ الْوُضُوءَ لَا يَجِبُ إِلَّا عَلَى مَنْ نَامَ مُضْطَجِعًا ، فَإِنَّهُ إِذَا اضْطَجَعَ ؛ اسْتَرْخَتْ مَفَاصِلُهُ " . تَفَرَّدَ بِهِ أَبُو خَالِدٍ ، عَنْ قَتَادَةَ وَلَا يَصِحُّ

বাংলা

৫৭২(১). মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে গাইলান (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদারত অবস্থায় ঘুমালেন, এমনকি তিনি জোরে নাক ডাকলেন। তারপর তিনি দাঁড়ালেন এবং নামায পড়লেন (উযু করলেন না)। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! নিশ্চয়ই আপনি ঘুমিয়েছেন। তিনি বললেনঃ যে ব্যক্তি শুয়ে ঘুমায় কেবল তার জন্যই উযু করা ওয়াজিব। কেননা যখন কেউ শুয়ে ঘুমায় তখন তার শরীরের বন্ধনসমূহ শিথিল হয়ে যায়।

এই হাদীস কেবল আবু খালিদ (রহঃ)-ই কাতাদা (রহঃ) থেকে বর্ণনা করেছেন এবং এটা সহীহ নয়।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন